

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 28 June, 2025

ঢাকা শহরের তিনটি এলাকায় পরীক্ষামূলকভাবে বুয়েটের তৈরি ব্যাটারিচালিত ই-রিকশা চালুর ঘোষণা দিয়েছেন স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ। তিনি জানান, আগস্ট থেকে দক্ষিণ সিটির পল্টন ও ধানমন্ডি এবং উত্তর সিটির উত্তরা এলাকায় এই ই-রিকশা চলবে।

শনিবার সকালে ঢাকা উত্তর সিটি করপোরেশনে আয়োজিত তিন চাকার স্বল্পগতির ব্যাটারিচালিত ই-রিকশার প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে এ ঘোষণা দেন তিনি।

আসিফ মাহমুদ বলেন, “এখনকার মতো অনিয়ন্ত্রিত না রেখে প্রতিটি এলাকায় নির্দিষ্ট সংখ্যক ই-রিকশা চলবে। চালকদের যেন চাঁদাবাজি বা অন্য কোনো হয়রানির শিকার না হতে হয়, সে বিষয়েও নজর রাখা হবে।”

তিনি আরও বলেন, “ঢাকার সড়কে প্রায় ৩২ শতাংশ দুর্ঘটনা ঘটে অটোরিকশার কারণে। এ সমস্যা দীর্ঘদিনের। নিরাপদ ও পরিবেশবান্ধব যানবাহন হিসেবে ই-রিকশা চালুর উদ্যোগ নেওয়া হয়েছে।”

নতুন রিকশাগুলোর জন্য অনলাইন লাইসেন্সিং ব্যবস্থা চালু করা হবে বলেও জানান উপদেষ্টা।

অনুষ্ঠানে উপস্থিত ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক মোহাম্মদ এজাজ বলেন, “আগস্টের প্রথম থেকেই বাজারে নতুন মডেলের এই ই-রিকশা আসবে। ধাপে ধাপে অনুমোদনহীন রিকশাগুলো সরিয়ে ফেলা হবে।”

ই-রিকশা চালকদের প্রশিক্ষণ প্রসঙ্গে জানানো হয়, স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে এবং ব্যাকের সহায়তায় ঢাকায় ই-রিকশাচালকদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হচ্ছে। এর আওতায় প্রথমে মাস্টার ট্রেনার তৈরি করা হবে, যারা পরবর্তীতে অন্যান্য চালকদের প্রশিক্ষণ দেবেন।

এ লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, নারী ও যুবদের মধ্য থেকে ২০০ জন এবং ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) থেকে ১০০ জনসহ মোট ৩০০ জন প্রশিক্ষণার্থী তালিকাভুক্ত করা হয়েছে।

এই প্রকল্পের মাধ্যমে ঢাকা শহরে পরিবেশবান্ধব, নিরাপদ ও নিয়ন্ত্রিত গণপরিবহন চালুর একটি মাইলফলক স্থাপন হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

ঢাকা ই-রিকশা উপদেষ্টা আসিফ মাহমুদ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:26

URL: <https://www.timestodaybd.com/economy/7758073859>